# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৭৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৮. কুলি করা ও নাক পরিষ্কার করা এবং উযুর প্রারম্ভে উভয়টি সম্পূর্ণ করার বিষয়ে উৎসাহ প্রদান

## بَابُ مَا رُوِيَ فِي الْحَثِّ عَلَى الْمَضْمَضَةِ وَالِاسْتِنْشَاقِ وَالْبَدَاءَةِ بِهِمَا أَوَّلَ الْوُضُوءِ

আরবী

ثَنَا الْقَاضِي الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، ثَنَا أَحْمَدُ بْنُ الْمِقْدَامِ ، نَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ ، نَا عُبَيْدُ اللَّهِ بْنُ أَبِي زِيَادٍ الْقَدَّاحُ ، نَا عَبْدُ اللَّهِ بْنُ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ ، عَنْ أَبِي عَلْقَمَةَ ، عَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ رَضِيَ اللَّهُ عَنْهُ ، قَالَ : دَعَا يَوْمًا بِوَضُوءٍ ، ثُمَّ دَعَا نَاسًا مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، فَأَفْرَغَ بِيَدِهِ الْيُمْنَى عَلَى يَدِهِ الْيُسْرَى ، وَغَسَلَهَا ثَلَاثًا ، ثُمَّ مَضْمَضَ ثَلَاثًا ، وَاسْتَنْشَقَ ثَلَاثًا ، ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ، ثُمَّ غَسَلَ يَدَيْهِ إِلَى الْمِرْفَقَيْنِ ثَلَاثًا ثَلَاثًا ، ثُمَّ مَسَحَ بِرَأْسِهِ ، ثُمَّ غَسَلَ رِجْلَيْهِ فَأَنْقَاهُمَا ، ثُمَّ قَالَ : رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَتَوَضَّأُ مِثْلَ هَذَا الْوُضُوءِ الَّذِي رَأَيْتُمُونِي تَوَضَّأْتُهُ ، ثُمَّ قَالَ : " مَنْ تَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوءَ ، ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ كَانَ مِنْ ذُنُوبِهِ كَيَوْمِ وَلَدَتْهُ أُمُّهُ " ، ثُمَّ قَالَ : أَكَذَلِكَ يَا فُلَانُ ؟ قَالَ : نَعَمْ ، ثُمَّ قَالَ : أَكَذَلِكَ يَا فُلَانُ ؟ قَالَ : نَعَمْ ، حَتَّى اسْتَشْهَدَ نَاسًا مِنْ أَصْحَابِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، ثُمَّ قَالَ : الْحَمْدُ لِلَّهِ الَّذِي وَافَقْتُمُونِي عَلَى هَذَا

বাংলা

২৭৮(৯). আল-কাযী আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... উসমান ইবনে আফফান (রাঃ) থেকে বর্ণিত। অধস্তন রাবী বলেন, তিনি একদিন উযুর পানি আনার নির্দেশ দিলেন, অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একদল সাহাবীকে ডাকলেন। অতএব তিনি তার ডান হাত দিয়ে বাম হাতে পানি ঢালেন এবং তা তিনবার ধৌত করেন, অতঃপর তিনবার কুলি করেন, তিনবার নাক পরিষ্কার করেন, তারপর মুখমণ্ডল তিনবার ধৌত করেন, তারপর উভয় হাত কনুই সমেত তিনবার করে ধৌত করেন, তারপর মাথা মসেহ করেন, তারপর দুই পা ধৌত করেন এবং তা উত্তমরূপে পরিষ্কার করেন, অতঃপর বলেন, তোমরা আমাকে যেভাবে উযু করতে দেখলে তদ্রুপ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে উযু করতে দেখেছি।

অতঃপর তিনি বলেন, যে ব্যক্তি উত্তমরূপে উযু করলো, তারপর দুই রাকআত নামায পড়লো—সে যেন সেই দিনের মত নিস্পাপ হয়ে গেল যেদিন তার মা তাকে প্রসব করেছে। তারপর তিনি বলেন, হে অমুক! এরূপই তো? সে বলল, হ্যাঁ। অতঃপর তিনি বলেন, হে অমুক! এরূপই তো? সে বলল, হ্যাঁ। এমনিভাবে তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপস্থিত সাহাবীগণকে সাক্ষী রাখলেন। অতঃপর তিনি বলেন, সমস্ত প্রসংশা আল্লাহর যিনি আপনাদেরকে উযুর এই নিয়মের ব্যাপারে আমার সাথে একমত হওয়ার তৌফিক দিয়েছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80067

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন